

কালের ঝঞ্ঝ

তারিখ: 04 FEB 2014... ..
পৃষ্ঠা: ৪... .. কলাম: ২... ..

তেজগাঁওয়ে টেক্সটাইল কলেজ

ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষ

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর তেজগাঁও শিল্পাঞ্চলে টেক্সটাইল কলেজে গতকাল সোমবার বিকেলে হুল দখলকে কেন্দ্র করে ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে চারজন আহত হয়েছেন। তাঁরা হলেন মীম, তানভীর, নুরুজ্জামান ও আতিক। তাঁদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।
তেজগাঁও শিল্পাঞ্চল থানার ওসি সালাহউদ্দিন জানান, বিকেল পৌনে ৪টার দিকে টেক্সটাইল কলেজে ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে হলের কক্ষ দখলকে কেন্দ্র করে মারামারির ঘটনা ঘটে। তবে বর্তমানে পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণে।